গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**বিষয়: শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা আগস্ট মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ১১ আগস্ট, ২০২১।

সময়: দুপুর ০১.১৫ ঘটিকা।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সম্মানিত সভাপতি সভার শুরুতে ১৯৭৫ সালের ১৫ আগস্টে শহীদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব ও তাঁর পরিবারের অন্যান্য সকল সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে বিএনসিইউ বরাবরের মত নতুনভাবে প্রেরিত নির্ধারিত ছক মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করেছে এবং সে মোতাবেক ১ম কোয়ার্টারের (জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর) কাজের বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সচেতন থাকতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে কাজ সম্পন্ন করার চেষ্টা করতে হবে। সভাপতির অনুমতিক্রমে এরপর সিনিয়র প্রোগ্রাম অফিসার জনাব ফারহানা ইয়াসমিন জাহান বলেন, ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যেসকল কার্যাবলি নির্ধারণ করে দেয়া আছে তা ঠিকভাবে সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণ ও অন্যান্য সব কার্যক্রম সময়মত করার চেষ্টা করতে হবে। এরপর প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় সংক্ষেপে আলোচনা করেন। প্রোগ্রাম অফিসার জনাব ফয়সাল বলেন, যে যে বিষয় ওয়েবসাইটে আপলোড করতে হয় তা তিনি বরাবরের মত এবারও কাজ সম্পন্ন করবেন। পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন করা। | প্রতি কোয়ার্টারে ০১টি করে সভা করা। সম্পূর্ণ অর্থবছরে মোট ০৪টি সভা করা। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার, সংসদ) জনাব মোঃ সোহেলুজ্জামান, নৈতিকতা কমিটি |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা। | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার, সংসদ) জনাব মোঃ সোহেলুজ্জামান, সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা করা। | অংশীজনের অংশগ্রহণে সভা। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার, সংসদ) জনাব মোঃ সোহেলুজ্জামান, নৈতিকতা কমিটি |
| | কর্ম-পরিবেশ উন্নয়ন | ০৫/০৯/২০২১ তারিখের মধ্যে অকেজো মালামাল বিনষ্ট করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ সাইফুল ইসলাম শুভ, সংশ্লিষ্ট কর্মচারী |
| | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা। | ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা। | প্রোগ্রাম অফিসার (এপিএ, শুদ্ধাচার, সংসদ) জনাব মোঃ সোহেলুজ্জামান, প্রোগ্রাম অফিসার (আইসিটি) জনাব ফয়সাল আরাফাত |
| | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ), প্রোগ্রাম অফিসার (আইসিটি), সংশ্লিষ্ট কর্মচারী |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২২.০৮.২০২১

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন